দৈনিক সংবাদ

৭৩

তারিখ ... 07 APR 1990 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৮ ...

৮

# 'উপাচার্য নিয়োগ ঢাকা বিশ্ববিদ্যালয় আদেশের পরিপন্থী নয়'

বিচারপতি আব্দুর রহমান চৌধুরী বলেছেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য নিয়োগ আপাতদৃষ্টিতে কিছুটা বিভ্রান্তিকর মনে হলেও এই নিয়োগাদেশ কোনক্রমেই, ঢাকা বিশ্ববিদ্যালয় আদেশ ১১ (২) ধারার মূল

( শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ )

## উপাচার্য নিয়োগ ঢাকা

(১ম পাতার পর)

নীতির পরিপন্থী নয় এবং এই নিয়োগকে স্থায়ী হিসেবে বিবেচনা করা যায় না।

গতকাল শুক্রবার এক বিবৃতিতে তিনি একথা বলেন।

তিনি বলেন, সরকার সুকৌশলে নিয়োগাদেশটিতে এমন ভাষা ব্যবহার করেছেন যাতে এটা নিয়ে মতপার্থক্য ও বিরোধ সৃষ্টি হয়। অন্তর্বর্তী সময়ের পরও যদি সিনেট অধিবেশন ডাকা না যায় তখনই কেবল উপাচার্যের নিয়োগ সংক্রান্ত বিষয় নিয়ে তিনি শিক্ষক সমাজকে তাদের মতামত প্রদানের পরামর্শ দেন।